

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০২

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ হাদীসের জ্ঞানে অপরিপক্ক ব্যক্তিকে যেই হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, হালাল পন্থায় সম্পদ জমা করা জায়েয় নেই

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ جَمْعَ الْمَالِ مِنْ حِلِّهِ غَيْرُ جائز

আরবী

3202 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ النَّرْسِيُّ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرِيْعٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ وحَدَّثَنِي أَبُو سَلَمَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى لَللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي وَجَعِهِ الَّذِي مَاتَ فِيهِ: (يا عائشة! مافَعَلتِ الذَّهَبُ؟) قَالَتْ: قُلْتُ: هِي وَجَعِهِ الَّذِي مَاتَ فِيهِ: (يا عائشة! مافَعَلتِ الذَّهَبُ؟) وَالْتُه فِي عَنْدِي قَالَ: (فَأْتِينِي بِهَا) - وَهِي بَيْنَ السَّبْعَةِ وَالْخَمْسَةِ - فَجِئْتُ فَوَضَعْتُهَا فِي كَفِّهِ ثُمَّ قَالَ: (مَا ظَنُّ مُحَمَّد بِاللَّهِ لَوْ لَقِيَ اللَّهَ وَهَذِهِ عِنْدَهُ! أَنْفَقِيهَا) قَالَ: (مَا ظَنُّ مُحَمَّد بِاللَّهِ لَوْ لَقِيَ اللَّهَ وَهَذِهِ عِنْدَهُ! أَنْفَقِيهَا) المصدر: التعليقات الراوي: عَائِشَةُ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2028 ا خلاصة حكم المحدث: حسن صحيح _ ((التعليق الرغيب)) (2/ 42) , ((الصحيحة)) (1014).

বাংলা

৩২০২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেই অসুস্থতায় মারা যান, সেই অসুস্থতার সময় বলেছেন, "হে আয়িশা, স্বর্ণগুলো কী করেছো?" তিনি বলেন, "আমি বললাম, সেগুলো আমার কাছে আছে।" তিনি আমাকে বলেন, "সেগুলো আমার কাছে নিয়ে আসাে। -সেগুলা সংখ্যায় পাঁচটি থেকে সাতটি ছিল- আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "অতঃপর সেগুলো আমি নিয়ে এসে তাঁর হাতের মুঠােয় দেই। তারপর তিনি বলেন, "আল্লাহর ব্যাপারে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কী ধারণা, যদি তিনি এসব কাছে রেখে আল্লাহর সাথে সাক্ষাত করেন? (হে আয়িশা) এগুলো দান করে দাও।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৬/৪৯; বাগাবী: ১৬৫৮; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ১০/২৩৯-২৪০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহ্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহ্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহাহ: ১০১৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন